

স্মারক নং : ১০.০৭.০০০০.০০১.১০.০২.২০১০- ২৭০

তারিখঃ ১৪ ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ
২৯ আগস্ট ২০১৯ খ্রিস্টাব্দ

পরিপত্র

বিষয়ঃ ইন্টারনেটসহ আবাসিক টেলিফোনের নগদায়ন ভাতা উত্তোলন প্রসঙ্গে।

সূত্রঃ ১০.০০.০০০০.১৩২.১০.০১১.১৮-৬১৩, তারিখঃ ১২/১১/২০১৮ খ্রিঃ, বিচার শাখা-৮, আইন ও বিচার বিভাগ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৪ জুন ২০১৮ খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.১১১.১০.০১০.১৫-৩৪৪ নং স্মারকে সংশোধিত সরকারি টেলিফোন, সেলুলার, ফ্যাক্স ও ইন্টারনেট নীতিমালার আলোকে সরকারি টেলিফোন, সেলুলার, ফ্যাক্স ও ইন্টারনেট নীতিমালা ২০১৮ এর দ্বিতীয় পরিচ্ছেদে আবাসিক টেলিফোন সংক্রান্ত বিধি-বিধানের ১৫ ক এর (ক-জ) এবং খ এর (ক-ছ) ও ১৬ অনুচ্ছেদ এবং অর্থ মন্ত্রণালয় কর্তৃক বিগত ২২/০৭/২০১৮ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.১৭৩.২২.০৪৬.১৪-৬২ নং স্মারক অনুযায়ী আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের অধীন জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থার বিচার বিভাগীয় কর্মকর্তাদের আবাসিক টেলিফোনের নগদায়ন ভাতা প্রাপ্তির (ভ্যাট, লাইনরেন্টসহ) প্রশাসনিক মঞ্জুরী জ্ঞাপন করা হলো।


০২। লাইন ভাড়া ও ভ্যাট ব্যতীত সরকারি আবাসিক টেলিফোন ব্যবহারের ব্যয়সীমা নিম্নবর্ণিত হকের ৩ নম্বর কলাম অনুযায়ী নির্ধারিত হবে এবং আবাসিক টেলিফোনের প্রাধিকার প্রাপ্ত কর্মচারীগণ যারা নগদায়ন ভাতা গ্রহণে ইচ্ছুক তাদের মাসিক বেতন বিলের সাথে ৪র্থ কলাম-অনুযায়ী নগদায়ন ভাতা উত্তোলন করতে পারবেন।

ক্রমিক নং	পদবী	ইন্টারনেটসহ আবাসিক টেলিফোনের নির্ধারিত ব্যয়সীমা	ইন্টারনেটসহ আবাসিক টেলিফোনের নগদায়ন
(১)	(২)	(৩)	(৪)
১।	পরিচালক (জেলা ও দায়রা জজ)	৩,৮০০.০০ টাকা	২,৮০০.০০ টাকা এবং ভ্যাটসহ লাইনরেন্ট
২।	উপ-পরিচালক (যুগ্ম জেলা জজ)	১,৯৫০.০০ টাকা	১,৬০০.০০ এবং ভ্যাটসহ লাইনরেন্ট
৩।	সহকারী পরিচালক (সিনিয়র সহকারী জজ পদমর্যাদায়)	১,৪২৫.০০ টাকা	১,২০০.০০ এবং ভ্যাটসহ লাইনরেন্ট
৪।	জেলা লিগ্যাল এইড অফিসার (সিনিয়র সহকারী জজ পদমর্যাদায়)। (সহকারী জজ পর্যায়ের পদের প্রাধিকারভুক্ত ৫০%)	১,৪২৫.০০ টাকা	১,২০০.০০ এবং ভ্যাটসহ লাইনরেন্ট

০৩। ৪র্থ কলাম অনুযায়ী উল্লেখিত হারে টেলিফোনের নগদায়ন ভাতা প্রাপ্তির ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তসমূহ প্রযোজ্য হবেঃ

- টেলিফোন ব্যবহারকারী প্রাধিকারপ্রাপ্ত কর্মচারীগণ বেতন ভাতার সাথে এই ভাতা প্রাপ্য হবেন এবং এর অতিরিক্ত ভ্যাট লাইনরেন্ট প্রাপ্য হবেন।
- বিটিসিএল এর ফোন এবং যে কোন ইন্টারনেট সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সংযোগ থাকতে হবে। ইন্টারনেট সংযোগ গ্রহণের ক্ষেত্রে বিটিসিএল এবং টেলিটককে অগ্রাধিকার প্রদান করতে হবে।
- সংশ্লিষ্ট কর্মচারী টেলিফোন নগদায়ন ভাতা গ্রহণে ইচ্ছুক এই মর্মে অফিস প্রধান কর্তৃক প্রদত্ত একটি প্রত্যয়নপত্র প্রতি কর্মস্থলে একবার পেশ করবেন।

- (ঘ) টেলিফোন নগদায়ন ভাতা গ্রহণকারী কর্মচারী টেলিফোন বিল পরিশোধ না করলে বিটিসিএল উক্ত সংযোগ বিচ্ছিন্ন করবে এবং সংশ্লিষ্ট কর্মচারীর দপ্তরকে অবহিত করবে এবং সংযোগ বিচ্ছিন্ন থাকা অবস্থায় সংশ্লিষ্ট কর্মকর্তা উক্ত নগদায়ন ভাতা প্রাপ্য হবেন না।
- (ঙ) সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর নগদায়ন ভাতা গ্রহণকারী কর্মচারীগণের তালিকা ও টেলিফোন নম্বর সংরক্ষণ করবে এবং টেলিফোন বিল মঞ্জুরকারী এই তালিকা হিসাব শাখা, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা/বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/হিসাব রক্ষণ কর্মকর্তা/ উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা এবং বিটিসিএল এর নিকট পরিশিষ্ট-৩ অনুযায়ী প্রেরণ করতে হবে।
- (চ) টেলিফোন ও ইন্টারনেটের বিল কর্মচারীগণের ব্যক্তিগতভাবে পরিশোধ করবেন। টেলিফোন নগদায়ন ভাতা গ্রহণকারী কর্মচারী প্রতিমাসে আবাসিক টেলিফোনের বিল বিটিসিএল এর অনুমোদিত ব্যাংকে ব্যক্তিগতভাবে পরিশোধ করে ব্যাংকের সীল ও স্বাক্ষর সম্বলিত পরিশোধিত বিলের ১ কপি সংস্থার কর্মকর্তাদের ক্ষেত্রে সংস্থার হিসাব শাখায় এবং জেলা লিগ্যাল এইড অফিসের ক্ষেত্রে অফিসের হিসাব শাখার নিকট প্রেরণ বা নথিতে সংরক্ষণ করতে হবে।
- (ছ) নগদায়নভাতা গ্রহণকারী কর্মচারী অন্যত্র বদলী হলে খাত পরিবর্তনের সময় আবাসিক টেলিফোনের বিল পরিশোধের প্রত্যয়নপত্র নতুন কর্মস্থলে দাখিল করবেন।
- (জ) আবাসিক টেলিফোনের বিল দীর্ঘদিন বকেয়া থাকলে নগদায়ন ভাতা গ্রহণকারী কর্মচারীর বিরুদ্ধে প্রশাসনিক মন্ত্রণালয় তদন্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
- (ঝ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৪ জুন ২০১৮ খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.১১১.১০.০১০.১৫-৩৪৪ নং স্মারকে সংশোধিত সরকারি টেলিফোন, সেলুলার, ফ্যাক্স ও ইন্টারনেট নীতিমালা ২০১৮ জারির তারিখ হতে এ পরিপত্র কার্যকর হবে। সংশ্লিষ্ট কর্মচারীগণ বকেয়া হিসাবে টেলিফোন নগদায়ন ভাতা প্রাপ্য হবেন।


(কাজী ইয়াসিন হাবীব)

সহকারী পরিচালক (প্রশাসন)
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা
ফোন নং -০২-৮৩৩১১৫১ (অঃ)

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
- ২। উপ-পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
- ৩। সহকারী পরিচালক (প্রশাসন/মনিটরিং/অর্থ ও হিসাব), জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
- ৪। জেলা লিগ্যাল এইড অফিসার, জেলা লিগ্যাল এইড অফিস,-----।
- ৫। পিএ টু পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
- ৬। হিসাব শাখা, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
- ৭। সংশ্লিষ্ট প্রশাসনিক ফাইল/গার্ড ফাইল।